

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

গত ২২ আগস্ট ২০২৪ তারিখ সকাল ১০.০০টায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা মোহাঃ নূরজাহান খাতুন (অতিরিক্ত সচিব) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট শিক্ষা ভবন, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। এছাড়া ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।	বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়।	গত ৩০ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রমসমূহ পর্যালোচনা ও ওয়েবসাইটে আপলোডকরণ।	জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক ও বিকল্প ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর বিভিন্ন কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও সূচকের মান সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যক্রমসমূহ চলতি অর্থবছরের চারটি ত্রৈমাসিকে সফলতার সঙ্গে সম্পাদনসহ কর্মপরিকল্পনাটি ইউনিটের ওয়েবসাইটে আপলোডের বিষয়ে আলোচনা করা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ কর্মপরিকল্পনায় গৃহীত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করে মন্ত্রণালয়ের তদন্ত ও শৃঙ্খলা শাখায় প্রেরণসহ কর্মপরিকল্পনাটি ইউনিটের ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নসহ বাজেট বাস্তবায়ন।	জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক ও বিকল্প ফোকাল পয়েন্ট জানান যে, ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা অনুমোদনপূর্বক গত ৩১ জুলাই ২০২৪ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এক্ষণে, অনুমোদিত ক্রয় পরিকল্পনার ১ম ত্রৈমাসিকে ক্রয়ের প্যাকেজসমূহ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ১ম ত্রৈমাসিকে ক্রয়ের প্যাকেজসমূহ যথাযথভাবে বাস্তবায়নসহ বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে পরিচালক (প্রশাসন ও অর্থ) এর বরাবরে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ কর্মকর্তা

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.	বিবিধ।	জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক ও বিকল্প ফোকাল পয়েন্ট ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দ ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী মনিহারী দ্রব্যাদি, কম্পিউটার সামগ্রীসহ প্রয়োজনীয় দ্রব্যাদি দ্রুত ক্রয়ের বিষয়ে অনুরোধ জানান। তিনি জানান, মনিহারী দ্রব্যাদি, কম্পিউটার সামগ্রীসহ প্রয়োজনীয় দ্রব্যাদির অভাবে দাপ্তরিক দায়িত্ব পালনে সমস্যা হচ্ছে। তিনি উক্ত সমস্যার আশু নিরসন কামনা করেন।	দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দ অনুযায়ী মনিহারী ও কম্পিউটার সামগ্রী ক্রয়/ মেরামতসহ আনুষঙ্গিক দ্রব্যাদি দ্রুত ক্রয়ের জন্য জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ কর্মকর্তা তাগিদপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোছাঃ নূরুজ্জাহান খাতুন
(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৯

ই-মেইল: epcimu2011@gmail.com

স্মারক নং-৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩. ৫৭

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ
সেখানে!

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপপরিচালক (প্রশাসন)/(সকল), এ ইউনিট।
- ০৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ০৫। সহকারী পরিচালক (প্রশাসন), এ ইউনিট।
- ০৬। জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ অফিসার, এ ইউনিট।
- ০৮। জনাব/বেগম এ ইউনিট।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অফিস কপি।

মোঃ কামাল হোসেন

পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)

ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১

ই-মেইল: epcimu2011@gmail.com